ইরান-ইসরায়েল যুদ্ধে যুক্ত হবে না যুক্তরাজ্য: কিয়ার স্টারমার



যুক্তরাজ্যের প্রেসিডেন্ট কিয়ার স্টারমার। ছবি: সংগৃহীত

যুক্তরাজ্য ইরান–ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের চলমান সংঘাতে যুক্ত হবে না বলে স্পষ্ট অবস্থান জানিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার।

সোমবার সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, মধ্যপ্রাচ্যের এই সংঘাতে ব্রিটিশ সেনা মোতায়েনের কোনো পরিকল্পনা নেই এবং ইরানের ভূখণ্ডে যুক্তরাজ্যের কোনো সামরিক অভিযানও হবে না। তাঁর ভাষায়, এই যুদ্ধের সঙ্গে যুক্তরাজ্যের কোনো সম্পৃক্ততা নেই।

স্টারমার আরও জানান, সরকার বর্তমানে পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজন অনুযায়ী প্রতিরক্ষামূলক ব্যবস্থা নিচ্ছে। এর লক্ষ্য হলো ব্রিটিশ নাগরিকদের নিরাপত্তা, জাতীয় স্বার্থ এবং আঞ্চলিক মিত্রদের সুরক্ষা নিশ্চিত করা।

তিনি হরমুজ প্রণালির গুরুত্ব তুলে ধরে বলেন, ওই রুটে চলাচল স্বাভাবিক রাখতে যুক্তরাজ্য ভূমিকা রাখবে। তবে তিনি পুনর্ব্যক্ত করেন, কোনো অবস্থাতেই দেশটিকে এই সংঘাতে টেনে নেওয়া উচিত নয়।

LENS ASIA